গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়
জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ
হাইড্রোকার্বন ইউনিট
১৫৩, পাইওনিয়ার রোড, সেগুনবাগিচা, ঢাকা ১০০০

**হাইড্রোকার্বন ইউনিটের জুলাই/২০২৫ মাসের মাসিক সমন্বয় সভার কার্যবিবরণী**

---

| | |
|---|---|
| সভাপতি | খন্দকার সাদিয়া আরাফিন<br>মহাপরিচালক (যুগ্মসচিব) (অতিরিক্ত দায়িত্ব) |
| সভার তারিখ | **১০.০৭.২০২৪** |
| সভার সময় | **সকাল ১০.০০ ঘটিকা** |
| স্থান | কনফারেন্স রুম |
| উপস্থিতি | সকল কর্মকর্তা |

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে জুলাই/২০২৫ মাসের সমন্বয় সভার কার্যক্রম শুরু করেন। সভাপতির অনুমতিক্রমে উপপরিচালক (প্রশাসন ও আইসিটি) সভার কার্যপত্র উপস্থাপন করেন। হাইড্রোকার্বন ইউনিটের সার্বিক কার্যক্রম পর্যালোচনার নিমিত্ত নিম্নরূপ আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়:

| আলোচ্যসূচি | আলোচনা/পর্যালোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| ১. পূর্ববর্তী সভার সিদ্ধান্ত দৃঢ়ীকরণ | সভায় গত ২১-০৪-২০২৪ তারিখে অনুষ্ঠিত এপ্রিল'২০২৪ মাসের সমন্বয় সভার কার্যবিবরণীতে কোন সংশোধনী না থাকায় তা দৃঢ়ীকরণ করা হয়। | গত ২১-০৪-২০২৪ তারিখে অনুষ্ঠিত সমন্বয় সভার কার্যবিবরণী দৃঢ়ীকৃত। | - |
| ২. সচিবালয় নির্দেশমালা ২০২৪ অনুযায়ী শাখা পরিদর্শন | হাইড্রোকার্বন ইউনিটের সাংগঠনিক কাঠামো অনুযায়ী প্রথাগত শাখা না থাকায় শাখা নিয়মিত পরিদর্শন করা হচ্ছে না। সভায় সচিবালয় নির্দেশমালা ২০২৪ অনুযায়ী শাখা পরিদর্শনের নির্দেশনা প্রদান করা হয়। | সচিবালয় নির্দেশমালা ২০২৪ অনুযায়ী শাখা পরিদর্শনপূর্বক প্রতিবেদন দাখিল করতে হবে। পরিদর্শনপূর্বক প্রতিবেদন উপপরিচালক (প্রশাসন ও আইসিটি)-এর দপ্তরে সংরক্ষণ করা হবে। | সকল কর্মকর্তা |
| ৩. অভ্যন্তরীণ প্রশিক্ষণ ক্যালেন্ডার প্রণয়ন | কর্মচারীদের কারিগরি ও প্রশাসনিক দক্ষতা বৃদ্ধির নিমিত্ত প্রশিক্ষণের চাহিদা অনুযায়ী বার্ষিক প্রশিক্ষণ ক্যালেন্ডার প্রণয়নের বিষয়ে সভায় আলোচনা করা হয়। প্রতি ০৩ মাস অন্তর উক্ত প্রশিক্ষণ ক্যালেন্ডার হালনাগাদ করার বিষয়েও সভা সম্মত হয়। | (ক) এ ইউনিটের কর্মকর্তা-কর্মচারীদের দক্ষতা বৃদ্ধিতে বার্ষিক প্রশিক্ষণ ক্যালেন্ডার প্রণয়ন করতে হবে, যা প্রতি ০৩ মাস অন্তর হালনাগাদ করতে হবে। | সহকারী পরিচালক (প্রশাসন ও হিসাব) (অতিরিক্ত দায়িত্ব) |
| ৩. হাইড্রোকার্বন ইউনিটের ওয়েবসাইট হালনাগাদকরণ | হাইড্রোকার্বন ইউনিটের ওয়েবসাইট হালনাগাদ রাখার জন্য সভায় নির্দেশনা প্রদান করা হয়। | হাইড্রোকার্বন ইউনিটের ওয়েবসাইট হালনাগাদ রাখতে হবে। | উপপরিচালক (প্রশাসন ও আইসিটি) |

| | | | |
|---|---|---|---|
| ৪. শূণ্যপদ পূরণ সংক্রান্ত তথ্যাবলী উপস্থাপন | সভায় জানানো হয় যে, প্রথম শ্রেণির মোট ০৮টি শূন্য পদের মধ্যে পরিচালক (অনুসন্ধান ও উৎপাদন) পদে একজন কর্মকর্তা চলতি দায়িত্বে কর্মরত রয়েছেন। পরিচালক (নীতিমালা ও উন্নয়ন) পদটি পদোন্নতির মাধ্যমে পূরণযোগ্য। বাংলাদেশ সরকারী কর্ম কমিশন কর্তৃক প্রথম শ্রেণির ০৪ টি সহকারী পরিচালক পদে নিয়োগ কার্যক্রম চলমান রয়েছে। প্রথম শ্রেণির ০১ টি সহকারী পরিচালক (প্রশাসন ও হিসাব) পদোন্নতির মাধ্যমে পূরণযোগ্য। প্রথম শ্রেণির ০১ টি সিনিয়র কম্পিউটার অপারেটর এবং দ্বিতীয় শ্রেণির ০১ টি প্রশাসনিক কর্মকর্তা পদে মামলা চলমান রয়েছে। তৃতীয় শ্রেণির ০১ টি কম্পিউটার অপারেটর পদ এবং ০১ টি হিসাব সহকারী পদের বিপরীতে রিট নিষ্পন্ন না হওয়ায় নিয়োগ কার্যক্রম স্থগিত রয়েছে। ১০% সংরক্ষণ হিসেবে তৃতীয় শ্রেণির ০১ টি কম্পিউটার অপারেটর পদ সংরক্ষণ করা হয়েছে।<br>সভায় মামলার অগ্রগতি সম্পর্কে সহকারী পরিচালক (প্রশাসন ও হিসাব) (অতিরিক্ত দায়িত্ব) অবহিত করেন যে, প্রকল্পের চাকুরি থেকে অব্যাহতি পাওয়ার পর রাজস্ব খাতের চাকুরির দাবিতে তৎকালীন কর্মরত মোঃ বদিউজ্জামান সহ মোট ৪ (চার) জন হাইকোর্ট বিভাগে রিট পিটিশন দায়ের করে এবং হাইকোর্ট বিভাগ তাঁদের অনুকূলে রায় প্রদান করেন। পরবর্তীতে সরকার পক্ষ এ রায়ের বিরুদ্ধে আপিল করে। গত ৩ জুলাই, ২০২৫ খ্রি. তারিখে মামলাটি (CA 194/2018) আপিল বিভাগের COURT -1 এ মেনশন করা হয়। আগামী ০৬ আগস্ট ২০২৫ তারিখ পরবর্তী শুনানির দিন ধার্য করা হয়েছে। | ক) চলমান নিয়োগ কার্যক্রম এবং নিয়োগ সংক্রান্ত মামলার তথ্য প্রতিনিয়ত হালনাগাদ করতে হবে।<br>খ) পরবর্তী শুনানিতে অ্যাটর্নি জেনারেল - এঁর অফিসের সহায়তা নিয়ে শুনানিতে প্রতিদ্বন্দ্বিতা করতে হবে। | সহকারী পরিচালক (প্রশাসন ও হিসাব) (অতিরিক্ত দায়িত্ব) |
| ৫. হাইড্রোকার্বন ইউনিটের গবেষণা নীতিমালা ২০২৫ প্রণয়ন | হাইড্রোকার্বন ইউনিটের গবেষণা প্রসঙ্গে আলোচনায় জানানো হয় যে, ২০২৩-২৪ অর্থবছর থেকে গবেষণা কার্যক্রম চলমান থাকলেও কোন গবেষণা নীতিমালা নেই। এর পরিপ্রেক্ষিতে "হাইড্রোকার্বন ইউনিটের গবেষণা নীতিমালা ২০২৫" এর খসড়া প্রণয়ন করা হয়েছে। এতে পরিচালন বাজেটের অর্থের সংশ্লেষ থাকায় অর্থ বিভাগের সম্মতি গ্রহণের লক্ষ্যে জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগে প্রেরণের বিষয়ে আলোচনা করা হয়। | অর্থ বিভাগের সম্মতি গ্রহণের লক্ষ্যে "হাইড্রোকার্বন ইউনিটের গবেষণা নীতিমালা ২০২৫" এর খসড়া জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগে প্রেরণ করতে হবে। | পরিচালক (অনুসন্ধান ও উৎপাদন) (চলতি দায়িত্ব) |
| ৬. IEPMP 2023 এর হালনাগাদকরণের কার্যক্রম অবহিতকরণ | উপপরিচালক (অনুসন্ধান ও উৎপাদন) সভায় জানান যে, BEPRC এর তত্ত্বাবধানে IEPMP 2023 এর হালনাগাদকরণের কার্যক্রম শুরু হয়েছে। হাইড্রোকার্বন ইউনিট -এর পরিচালক (অনুসন্ধান ও উৎপাদন) (চলতি দায়িত্ব), উপপরিচালক (অনুসন্ধান ও উৎপাদন), সহকারী পরিচালক (পরিকল্পনা) এবং সহকারী পরিচালক (অপারেশন) এ সংক্রান্ত এক/একাধিক কমিটিতে রয়েছেন। Working Group এবং বিভিন্ন Sub-Working Group -এর সভা ইতোমধ্যে সম্পন্ন হয়েছে এবং নির্দিষ্ট সময়াবদ্ধ পরিকল্পনা অনুযায়ী কার্যক্রম চলমান রয়েছে। | সময়াবদ্ধ পরিকল্পনা অনুযায়ী কার্যক্রমের হালনাগাদ তথ্য পরবর্তী সভায় অবহিত করতে হবে। | উপপরিচালক (অনুসন্ধান ও উৎপাদন) |

| | | | |
|---|---|---|---|
| ৭. হাইড্রোকার্বন ইউনিটের প্রকাশনার তথ্য উপস্থাপন | উপপরিচালক (অনুসন্ধান ও উৎপাদন) এই মর্মে সভাকে অবহিতে করেন যে, হাইড্রোকার্বন ইউনিটের মাসিক প্রকাশনা "Gas and Coal Reserve & Production" প্রতিবেদনটি ত্রৈমাসিক ভিত্তিতে "Energy Bulletin" নামে প্রকাশনার উদ্যোগ গ্রহণ করা হচ্ছে। উল্লিখিত প্রকাশনাতে শুধু গ্যাস ও কয়লা নয়, বরং জ্বালানি সংক্রান্ত সকল তথ্যাদি বিশেষ করে দেশীয় জ্বালানি উৎপাদন ও ব্যবহার, নবায়নযোগ্য জ্বালানির বর্তমান অবস্থা, বিকল্প জ্বালানি ব্যবস্থাপনা, আমদানি-রপ্তানি তথ্য, মজুদ ও চাহিদার চিত্র ইত্যাদি উপস্থাপন করা হবে। | ত্রৈমাসিক ভিত্তিতে দেশের জ্বালানি খাতের হালনাগাদ তথ্য সমৃদ্ধ "Energy Bulletin" প্রকাশের উদ্যোগ গ্রহণ করতে হবে। | উপপরিচালক (অনুসন্ধান ও উৎপাদন) |
| ৮. জ্বালানি খাতের উন্নয়ন এবং প্রাকৃতিক গ্যাসের উৎপাদন, অনুসন্ধান সংক্রান্ত তথ্য উপাত্ত সংগ্রহের লক্ষ্যে প্রকল্প পরিদর্শন | (ক) প্রকল্প পরিদর্শন কাজের আওতায় সভাকে জানানো হয় যে, জ্বালানি খাতের উন্নয়ন এবং প্রাকৃতিক গ্যাসের উৎপাদন, অনুসন্ধান সংক্রান্ত তথ্য উপাত্ত সংগ্রহের লক্ষ্যে হাইড্রোকার্বন ইউনিটের পরিচালক (অনুসন্ধান ও উৎপাদন) (চলতি দায়িত্ব) -এঁর নেতৃত্বে ০৩ (তিন) সদস্য বিশিষ্ট একটি টিম গত **১৭ - ১৮ জুন, ২০২৫** তারিখ পর্যন্ত বাংলাদেশ গ্যাস ফিল্ডস কোম্পানি লিমিটেড এর তিতাস গ্যাসক্ষেত্র পরিদর্শন করেন। উপ-পরিচালক (অনুসন্ধান ও উৎপাদন) এবং সহকারী পরিচালক (অনুসন্ধান) সফরসঙ্গী হিসেবে ভ্রমণ করেন। পরিদর্শন কালে গ্যাস ফিল্ড এর উচ্চ পর্যায়ের কর্মকর্তাদের সাথে একটি সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভায় বিজিএফসিএল এর চলমান প্রকল্পের অগ্রগতি, চ্যালেঞ্জ ও ভবিষ্যৎ পরিকল্পনা নিয়ে বিস্তারিত আলোচনা হয়। এ সংক্রান্ত একটি বিস্তারিত প্রতিবেদন প্রস্তুত করা হয়েছে।<br>(খ) একই টিম গত **০১ - ০২ জুলাই, ২০২৫** তারিখ সিলেট গ্যাস ফিল্ডস লিমিটেড -এর হরিপুর ও কৈলাশটিলা গ্যাসক্ষেত্র পরিদর্শন করে। পরিদর্শন কালে SGFL -এর উচ্চ পর্যায়ের কর্মকর্তাদের সাথে একটি সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভায় SGFL -এর চলমান প্রকল্পসমূহের বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। এ সংক্রান্ত একটি প্রতিবেদন প্রস্তুত করা হচ্ছে। | জ্বালানি খাতের উন্নয়ন এবং প্রাকৃতিক গ্যাসের উৎপাদন, অনুসন্ধান সংক্রান্ত তথ্য উপাত্ত সংগ্রহের লক্ষ্যে প্রকল্প পরিদর্শন অব্যাহত রাখতে হবে। | সহকারী পরিচালক (অনুসন্ধান) |

সভায় আর কোনো আলোচ্য বিষয় না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভাপতি সভার সমাপ্তি ঘোষণা করেন।

২৮-০৭-২০২৫
খন্দকার সাদিয়া আরাফিন
মহাপরিচালক (যুগ্মসচিব) (অতিরিক্ত দায়িত্ব)
৮৩৯১০৭৫
hcu@hcu.org.bd

তারিখ: ১৩ শ্রাবণ ১৪৩২ বঙ্গাব্দ
২৮ জুলাই ২০২৫ খ্রিস্টাব্দ

**নম্বর:** ২৮.০৬.০০০০.০০০.০০০.০৬.০০০৩.২৩.২৪৩

**বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১। পরিচালক (অনুসন্ধান ও উৎপাদন) (চলতি দায়িত্ব), পরিচালক (অনুসন্ধান ও উৎপাদন) -এঁর দপ্তর, হাইড্রোকার্বন ইউনিট।
২। উপ-পরিচালক (পরিকল্পনা ও পিএসসি), উপ-পরিচালক (পরিকল্পনা ও পিএসসি) -এঁর দপ্তর, হাইড্রোকার্বন ইউনিট।
৩। উপ-পরিচালক (অনুসন্ধান ও উৎপাদন), উপ-পরিচালক (অনুসন্ধান ও উৎপাদন) -এঁর দপ্তর, হাইড্রোকার্বন ইউনিট।

৪। উপ-পরিচালক (প্রশাসন ও আইসিটি), উপ-পরিচালক (প্রশাসন ও আইসিটি) -এঁর দপ্তর, হাইড্রোকার্বন ইউনিট।
৫। সহকারী পরিচালক (পরিকল্পনা), উপ-পরিচালক (পরিকল্পনা ও পিএসসি) -এঁর দপ্তর, হাইড্রোকার্বন ইউনিট।
৬। সহকারী পরিচালক (অপারেশন) , উপ-পরিচালক (মাইনিং ও অপারেশন) -এঁর দপ্তর, হাইড্রোকার্বন ইউনিট।
৭। সহকারী পরিচালক (অনুসন্ধান) , উপ-পরিচালক (অনুসন্ধান ও উৎপাদন) -এঁর দপ্তর, হাইড্রোকার্বন ইউনিট।
৮। সহকারী পরিচালক (প্রশাসন ও হিসাব) (অতিরিক্ত দায়িত্ব), উপ-পরিচালক (প্রশাসন ও আইসিটি) -এঁর দপ্তর, হাইড্রোকার্বন ইউনিট।
৯। হিসাব রক্ষণ কর্মকর্তা , উপ-পরিচালক (প্রশাসন ও আইসিটি) -এঁর দপ্তর, হাইড্রোকার্বন ইউনিট।
১০। কম্পিউটার অপারেটর , পরিচালক (নীতিমালা ও উন্নয়ন) -এঁর দপ্তর, হাইড্রোকার্বন ইউনিট।
১১। কম্পিউটার অপারেটর , মহাপরিচালকের দপ্তর, হাইড্রোকার্বন ইউনিট।
১২। অফিস কপি, হাইড্রোকার্বন ইউনিট।।

২৮-০৭-২০২৫
খন্দকার সাদিয়া আরাফিন
মহাপরিচালক (যুগ্মসচিব) (অতিরিক্ত দায়িত্ব)